# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৪৪৮

মুসনাদে উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

আরবী

حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ، حَدَّثَنِي أَبِي، حَدَّثَنَا الْحُسَيْنُ - يَعْنِي الْمُعَلِّمَ - عَنْ يَحْيَى - يَعْنِي ابْنَ أَبِي كَثِيرٍ - أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ، أَنَّ عَطَاءَ بْنَ يَسَارٍ أَخْبَرَهُ أَنَّ زَيْدَ بْنَ خَالِدٍ الْجُهَنِيَّ أَخْبَرَهُ: أَنَّهُ سَأَلَ عُثْمَانَ بْنَ عَفَّانَ، قُلْتُ: أَرَأَيْتَ إِذَا جَامَعَ امْرَأَتَهُ وَلَمْ يُمْنِ؟ فَقَالَ عُثْمَانُ: يَتَوَضَّأُ كَمَا يَتَوَضَّأُ لِلصَّلَاةِ، وَيَغْسِلُ ذَكَرَهُ. وَقَالَ عُثْمَانُ: سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَسَأَلْتُ عَنْ ذَلِكَ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ، وَالزُّبَيْرَ بْنَ الْعَوَّامِ، وَطَلْحَةَ بْنَ عُبَيْدِ اللهِ، وَأُبَيَّ بْنَ كَعْبٍ، فَأَمَرُوهُ بِذَلِكَ

إسناده صحيح على شرط الشيخين
وأخرجه مسلم (347) ، وابن خزيمة (224) ، والطحاوي 1 / 53، وابن حبان (127) و (1172) ، والبيهقي 1 / 164 من طريق عبد الصمد، بهذا الإسناد
وأخرجه البخاري (292) ، والطحاوي 1 / 54 من طرق عن عبد الوارث، به. ويأتي برقم (458) ، وهذا الحديث منسوخ بحديث أبي بن كعب وأبي هريرة وعائشة. انظر ابن حبان (1173) و (1174) و (1175)

বাংলা

৪৪৮। যায়িদ বিন খালিদ আল জুহানী উসমান (রাঃ) কে জিজ্ঞাসা করেন, যদি কেউ স্ত্রী সহবাস করে কিন্তু বীর্যপাত না করে, তবে সে কী করবে? উসমান বললেন, নামাযের ওযুর মত ওযু করবে এবং পুরুষাঙ্গ ধুয়ে ফেলবে। উসমান আরো বলেন, আমি এ কথা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট থেকে শুনেছি। পরে আলী বিন আবি তালিব, যুবাইর ইবনুল আওয়াম, তালহা বিন আবদুল্লাহ ও উবাই বিন কাবকেও এ বিষয়ে জিজ্ঞাসা করি। তারাও একই আদেশ দেন।*

[বুখারী-২৯২, মুসলিম-৩৪৭, ইবনু খুযাইমা-২২৪, মুসনাদে আহমাদ-৪৫৮]

## ফুটনোট

* ইসলামের প্রথম দিকে এ অবকাশ ছিলো। পরবর্তীতে এটি রহিত হয়ে গেছে এবং বলা হয়েছে, সঙ্গমে রত হলেই গোসল করতে হবে যদিও বীর্যপাত না হয়। যেমন হযরত আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ إذا جاوز الختان الختان وجب الغسل যখন (পুরুষের) খতনার স্থল (স্ত্রীর) খতনার স্থলে প্রবেশ করবে তখন উভয়ের ওপর গোসল ফারয হয়ে যাবে (বীর্যপাত হোক বা না হোক)। তিরমিযী, ইবনু মাজাহ –সম্পাদক

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন